



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া।



বিজ্ঞপ্তি নং- সশাসুক/বগ/২০২৪/-৪৫৬-

তারিখ : ২৪/০৩/২০২৪ খ্রি.

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর সরকারি কলেজ-৪ শাখা বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.০৮.০০১.১৯.১৭২৫, তারিখ: ১১ ডিসেম্বর ২০২৩।

সূত্র: ৩৭.০০.০০০০.০৬৯.০৮.০০১.১৯.৭৬, তারিখ: ০৮ ফেব্রুয়ারি ২০২৪।

উপর্যুক্ত স্মারকের প্রেক্ষিতে অত্র কলেজের সম্মানিত শিক্ষকবৃন্দ, সকল শিক্ষার্থী ও কর্মচারী এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, পবিত্র রমজান, দোলযাত্রা (২৫ মার্চ), স্বাধীনতা ও জাতীয় দিবস (২৬ মার্চ), পূণ্য শুক্রবার (২৯ মার্চ), ইস্টার সানডে (৩১ মার্চ), জুমাতুল বিদা (০৫ এপ্রিল), *শব-ই-ক্বদর (০৭ এপ্রিল), *ঈদ-উল-ফিতর (১১ এপ্রিল), বৈসাবি ও পার্বত্য চট্টগ্রামের অন্যান্য ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অনুরূপ সামাজিক উৎসব (১২ এপ্রিল ও ১৫ এপ্রিল), বাংলা নববর্ষ (১৪ এপ্রিল) ও গ্রীষ্মকালীন অবকাশ উপলক্ষে ২৫/০৩/২০২৪ ইং তারিখ সোমবার থেকে ১৮/০৪/২০২৪ ইং তারিখ বৃহস্পতিবার পর্যন্ত কলেজের ক্লাসসমূহ স্থগিত থাকবে। আগামী ২১/০৪/২০২৪ থেকে ক্লাসসমূহ যথারীতি চলবে। সরকারি ছুটির দিন ব্যতীত অনার্স ১ম বর্ষ ভর্তি, ২০২২ সালের ডিগ্রী পাস কোর্স ২য় বর্ষ ফরমপূরণ, দ্বাদশ শ্রেণির রেজিস্ট্রেশন কার্যক্রমসহ কলেজের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম যথারীতি চলবে। কলেজ অফিস ও বিভাগীয় অফিস সমূহের স্বাভাবিক কার্যক্রম যথারীতি চলবে। এ ছাড়া এ সময়ে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কাউকে কর্মস্থল ত্যাগ না করার জন্য বলা হলো।

বি. দ্র. ২৫ মার্চ গণহত্যা দিবস পালন এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০২৪ উদযাপন কর্মসূচি যথারীতি চলবে। সম্মানিত শিক্ষক, ছাত্র-ছাত্রী, কর্মচারী ও সংশ্লিষ্ট সকলকে উক্ত কর্মসূচিতে যথাসময়ে অংশগ্রহণ করতে বলা হলো।

২৪/৩/২০২৪
অধ্যক্ষ

সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া।

অনুলিপি:

১. উপাধ্যক্ষ।
২. সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ।
৩. সম্মানিত বিভাগীয় প্রধান (সকল), অত্র কলেজ।
৪. পরিবহন কমিটি, অত্র কলেজ।
৫. কলেজ ওয়েব সাইট।
৬. নোটিশ বোর্ড।
৭. অফিস নথি।

অধ্যক্ষ
সরকারি শাহ সুলতান কলেজ
বগুড়া।